*মূলশব্দাবলীঃ*
*কৃতজ্ঞ*
*বরকত/ রিযিক*
*সুবিধা/আরাম*
*ধর্ম*

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**8 August 2025 / 14 Safar 1447H**

# একটি উত্তম জনপদ এবং এক পরম ক্ষমাশীল পালনকর্তা

ٱلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِي جَعَلَ فِي ٱلْإِيمَانِ رَاحَةً لِلْقُلُوبِ، وَفِي ذِكْرِ ٱللَّهِ فَرَجًا مِنَ ٱلْكُرُوبِ. أَشْهَدُ أَنْ لَا إِلَٰهَ إِلَّا ٱللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. ٱللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ، وَعَلَىٰ آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللَّهِ، ٱتَّقُوا ٱللَّهَ. قَالَ تَعَالَىٰ فِي ٱلتَّنْزِيلِ: يَا أَيُّهَا ٱلَّذِينَ آمَنُوا ٱتَّقُوا ٱللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُّسْلِمُونَ.

**জুম্মায় আগত সম্মানিত সুধী,**

অন্তরে তাকওয়া ধারণ করুন এবং মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সম্পর্কে সতর্ক থাকুন। তাঁর সকল আদেশ মেনে চলুন এবং তাঁর দেয়া সকল নিষেধাজ্ঞা থেকে নিজেকে দূরে রাখুন। আসুন, আমরা আমাদের অন্তরে কৃতজ্ঞতার গুণ সঞ্চার করে তুলি। মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের ওপর তাঁর বরকত দান করুন এবং রিজিক বৃদ্ধি করুন। আমীন! ইয়া রাব্বাল আলামীন!!

**সম্মানিত ভাইয়েরা,**

নিম্নোক্ত প্রশ্নটি বিবেচনা করুন: আমরা মুসলমান হিসেবে যখন উন্নয়ন ও শান্তির অবস্থায় বসবাস করছি, তখন কি আমাদের আরাম উপভোগ করা ও স্বাচ্ছন্দ্য বর্জন করা উচিত — শুধুমাত্র 'ভালো' মুসলমান হওয়ার জন্য?

:এই প্রশ্নের উত্তর পেতে আসুন, আমরা দেখি, সুরা সা'বার ১৫ নম্বর আয়তে এ প্রসঙ্গে কি বলা আছেঃ

لَقَدۡ كَانَ لِسَبَإٖ فِي مَسۡكَنِهِمۡ ءَايَةٞۖ جَنَّتَانِ عَن يَمِينٖ وَشِمَالٖۖ
كُلُواْ مِن رِّزۡقِ رَبِّكُمۡ وَٱشۡكُرُواْ لَهُۥۚ بَلۡدَةٞ طَيِّبَةٞ وَرَبٌّ غَفُورٞ ١٥

**যার অর্থঃ** *সাবার অধিবাসীদের জন্যে তাদের বাসভূমিতে ছিল নিদর্শনস্বরূপ দুটি উদ্যান, একটি ডানদিকে, একটি বামদিকে। তোমরা তোমাদের পালনকর্তার রিযিক খাও এবং তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। এটি হচ্ছে উত্তম নগরী। আর এর মালিক হচ্ছেন এক ক্ষমাশীল প্রতিপালক।*

**আমার প্রিয় ভাইয়েরা,**

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সাবা'র জনগণকে এক বরকতময় ও শান্তিপূর্ণ ভূমি দান করেছিলেন, যা কিনা সমৃদ্ধ ফল ফুল ও রিজিকে ভরা বাগানে ঘেরা ছিল। তারা স্বাচ্ছন্দ্যে বসবাস করত এবং বহু সুবিধা উপভোগ করত। এই আরাম ও প্রাচুর্যের সময়ে, আল্লাহ তাদের কী আদেশ দিয়েছিলেন?

আল্লাহ তাদের একটি বিষয়ে স্মরণ করিয়ে দিয়েছিলেন — বলেছিলেন সবসময় কৃতজ্ঞ থাকতে।

তবে সাবাবাসীদের পরিণতি কী হয়েছিল? পরবর্তী আয়াতগুলোতে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বর্ণনা করেছেন, কীভাবে তারা কৃতজ্ঞ থাকার ব্যাপারে তাঁর নির্দেশ উপেক্ষা করেছিল। ফলে, তারা যে স্বাচ্ছন্দ্য ও আরাম একসময় উপভোগ করত, তা বিপর্যয়ে পরিণত হয়। তাদের উর্বরা শস্যভূমি পরিণত হয়েছিল অনুর্বর ভূমিতে। তাদের সমৃদ্ধি পরিণত হয় কষ্টে। তাদের প্রাচুর্য পরিণত হয় দুর্দশায়।

**জুম্মায় আগত সম্মানিত সুধী,**

সাবার জাতির মতো অতীতের অন্যান্য জাতিগুলোর কাহিনি নিঃসন্দেহে আমাদের জন্য শিক্ষা বহন করে। আমরা যদি সতর্ক না হই, তবে তাদের ভুলগুলো আবার করার ঝুঁকিতে পড়ে যেতে পারি।

শান্তি, স্বাচ্ছন্দ্য ও প্রাচুর্যের কালে বসবাসকারী মুসলমান হিসেবে, সাবাবাসীদের কাহিনি থেকে আমরা কী শিখতে পারি?

**<u>প্রথম শিক্ষাঃ পার্থিব উন্নয়নের সঙ্গে ধর্মীয় দায়িত্বের সমন্বয় সাধন করা</u>**

সাবাবাসীর কাহিনী স্পষ্টভাবে স্মরণ করিয়ে দেয় যে,  আমাদের কখনোই উচিত নয় পার্থিব সাফল্য ও আরাম-আয়েশের জন্য ধর্মীয় কর্তব্য পালনকে দূরে সরিয়ে দেওয়া।

একই সঙ্গে, ইসলাম আমাদের কাছে ধর্ম পালনের জন্য পার্থিব অগ্রগতি ত্যাগ করার দাবি করে না। সাবার কাহিনী বিবেচনা করুন — আল্লাহ তাদেরকে উপভোগ করা প্রাচুর্য ও স্বাচ্ছন্দ্য বর্জনের আদেশ দেননি।

বরং তাদের বলা হয়েছিল— মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার সেই নিয়ামতগুলো ভাল কাজে ব্যবহার করে, তাঁর প্রতি আনুগত্য বজায় রেখে, এবং সমস্ত নিয়ামতের দাতাকে কখনো না ভুলে - কৃতজ্ঞতা প্রকাশ করতে।

তেমনি, আজ আমরা যে রিজিক ও প্রাচুর্য উপভোগ করছি, তা দায়িত্বশীলতার সাথে পরিচালনা করা উচিত, যাতে তা কল্যাণের পথে ব্যবহৃত হয়

দ্বিতীয় শিক্ষা: আমরা যে নিয়ামতগুলো উপভোগ করি, তা সংরক্ষণে সচেষ্ট হওয়া।

কৃতজ্ঞতা মানে আল্লাহর দেয়া নিয়ামতগুলোর প্রকৃত মূল্যায়ন করা। এ জন্য আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা প্রদত্ত নিয়ামতগুলো সংরক্ষণে সকলের ধারাবাহিক প্রচেষ্টা ও কঠোর পরিশ্রম প্রয়োজন।

সাবা বাসীদের ন্যায়, আমাদের একই ভুলের পুনরাবৃত্তি করা উচিত না। যারা আল্লাহর নিয়ামতের প্রতি অবহেলা ও উদাসীনতায় নিজেদের প্রাপ্ত সকল কিছুকে স্বাভাবিক ধরে নিয়েছিল, এবং শেষমেশ তাদের সব আরাম-আয়েশ কেড়ে নেওয়া হয়েছিল।

একজন কৃতজ্ঞ মুসলমান তিনি, যিনি নিয়ামত ও কল্যাণ শুধু নিজের জন্য নয়, বরং বৃহত্তর সমাজ ও ভবিষ্যৎ প্রজন্মের উপকারের জন্য সংরক্ষণে সচেষ্ট থাকেন।

**প্রিয় মুসল্লিবৃন্দ,**

আসুন আমরা সবসময় নিজেদের স্মরণ করিয়ে দিই যে, আল্লাহর প্রত্যেকটি নিয়ামতের জন্য আমাদের কৃতজ্ঞ হওয়া উচিত — আমাদের ধারাবাহিক ও পারস্পরিক প্রচেষ্টার মাধ্যমে। এই সচেতনতা যেন আমাদের মহান লক্ষ্য ও আদর্শের দিকে পরিচালিত করে।

بَلۡدَةٌ طَيِّبَةٌ وَرَبٌّ غَفُورٌ

যার অর্থঃ একটি পবিত্র/উত্তম জনপদ এবং পরম ক্ষমাশীল এক পালনকর্তা।

আমীন! ইয়া রাব্বাল আলামীন!!

**أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.**

## Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا اْلمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلِسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. اَللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلَامَ وَالأَمْنَ وَالأَمَانَ

**لِلْعَالَمِ كُلِّهِ وَلِلنَّاسِ أَجْمَعِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.**

**عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.**